

II সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৭০৫৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৮৪২]

৫৩। জান্নাত, জান্নাতের নি'আমাত ও জান্নাতবাসীদের বর্ণনা (کتاب الجنة وصفة نعيمها وأهلها) পরিচ্ছেদঃ ১২. জাহান্নামের আগুনের প্রবল উত্তাপ ও গভীর তলদেশ এবং শাস্তিপ্রাপ্তদের যা স্পর্শ করবে

باب فِي شِدَّةِ حَرِّ نَارِ جَهَنَّمَ وَيُعْدِ قَعْرِهَا وَمَا تَأْخُذُ مِنَ الْمُعَذَّبِينَ

আরবী

حَدَّثَنَا عُمَرُ بْنُ حَفْصِ بْنِ غِيَاتٍ، حَدَّثَنَا أَبِي، عَنِ الْعَلاَءِ بْنِ خَالِدٍ الْكَاهِلِيِّ، عَنْ شَقِيقٍ، عَنْ عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يُؤْتَى بِجَهَنَّمَ يَوْمَئِذٍ لَهَا سَبْعُونَ أَلْفَ مَلَكٍ يَجُرُّونَهَا " .

বাংলা

৭০৫৬-(২৯/২৮৪২) উমর ইবনু হাফস ইবনু গিয়াস (রহঃ) 'আবদুল্লাহ (রাযিঃ) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জাহান্নামকে এভাবে উপস্থিত করা হবে। সেদিন তাতে সত্তর হাজার লাগাম লাগানো থাকবে। প্রতিটি লাগামের সাথে সত্তর হাজার ফেরেশতা থাকবে তারা তাকে টেনে নিয়ে যাবে। (ইসলামিক ফাউন্ডেশন ৬৯০১, ইসলামিক সেন্টার ৬৯৫৮)

English

Abdullah b. Mas`ud reported Allah's Messenger (ﷺ) as saying: Hell would be brought on that day (the Day of Judgment) with seventy thousand bridles, and seventy thousand angels dragging each bridle.

হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, জাহান্নাম এমন একটি সৃষ্টি জগৎ, যা হবে প্রকাণ্ড, সুবিশাল এবং ভীষণ আকারের ভয়ানক মহাবস্ত্র।
- ২। অবশ্যই মহান আল্লাহ জাহান্নামকে সৃষ্টি করেছেন ওই সমস্ত অমুসলিম, পাপাচারী এবং অন্যায়কারী লোকের



জন্য, যারা প্রকৃত ইসলাম ধর্ম ও তার শিক্ষার বিরুদ্ধাচরণ করে। মহান আল্লাহ জাহান্নামকে সুবিশাল এবং ভীষণ আকারে তাঁর রাগ, ক্রোধ এবং বিভিন্ন রকম শাস্তির দ্বারা পরিপূর্ণ করে রেখেছেন।

৩। এই হাদীসটি জান্নাত লাভের সঠিক উপাদান অবলম্বন করার প্রতি উৎসাহ প্রদান করে। এবং জাহান্নামে প্রবেশ করার সমস্ত উপকরণ বর্জন করার প্রতিও উৎসাহ প্রদান করে। আর জেনে রাখা দরকার যে, জাহান্নামে প্রবেশ করার উপকরণ হলো: প্রকৃত ইসলাম ধর্ম ও তার শিক্ষা থেকে দূরে থাকা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন